# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 11 May, 2025

আওয়ামী লীগের সব ধরনের কার্যক্রম নিষিদ্ধের সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তী সরকার। শনিবার (১০ মে) রাতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে এক ব্রিফিংয়ে এ তথ্য জানান আইন উপদেষ্টা আসিফ নজরুল।

সিদ্ধান্ত অনুযায়ী, আওয়ামী লীগ শুধু অফলাইনে নয়, অনলাইনেও কোনও কার্যক্রম পরিচালনা করতে পারবে না। এই নিষেধাজ্ঞার আওতায় দলটির ফেসবুক পেজসহ সাইবার স্পেসে থাকা সব ধরনের কার্যক্রম বন্ধে পদক্ষেপ নিতে যাচ্ছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

রবিবার (১১ মে) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব বলেন, 'আমরা উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তের পরিপত্রের জন্য অপেক্ষা করছি। পরিপত্র জারি হলে বিটিআরসির মাধ্যমে মেটাসহ সব অনলাইন প্ল্যাটফর্মে আনুষ্ঠানিক চিঠি পাঠানো হবে। বিটিআরসি চিঠি পাঠালে দ্রুত কার্যকর হবে বলে আশা করছি।

প্রসঙ্গত, ফেসবুকে 'বাংলাদেশ আওয়ামী লীগ' নামে দলটির একটি ভেরিফায়েড পেজ রয়েছে, যেখানে প্রায় ৪০ লাখ ফলোয়ার আছে। নিষেধাজ্ঞার সিদ্ধান্ত আসার পরপরই শনিবার রাতে পেজটিতে প্রতিবাদ জানিয়ে একটি পোস্ট দেওয়া হয় এবং পরে আনুষ্ঠানিক বিবৃতি প্রকাশ করা হয়েছে।

আওয়ামী লীগ অন্তর্বর্তী সরকার উপদেষ্টা পরিষদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:09

URL: https://timestodaybd.com/bangladesh/2292649352